



অধ্যায়-০২: জৈব রসায়ন

Question Type-01: জৈব যৌগের ভূমিকা, সংকরায়ন ও শ্রেণিবিন্যাস

- ◆ অষ্টাদশ শতাব্দীতে বিজ্ঞানী শীলে (Scheele) আঙুর থেকে টারটারিক এসিড, আপেল থেকে ম্যালিক এসিড এবং প্রাণিজ চর্বি থেকে গ্লিসারিন প্রস্তুত করতে সমর্থ হন। রাউলি (Rouelle) 1773 সালে মানুষের মূত্র থেকে ইউরিয়া নামক এক ঝাঁঝালো পদার্থ আহরণ করেন।
- ◆ ১৬৭৫ খ্রিস্টাব্দে বিজ্ঞানী নিকোলাস লেমেরী খাদ্য, পরিধেয়, ব্যবহার্য ও অব্যবহার্য অসংখ্য রাসায়নিক দ্রব্যাদিকে তাদের উৎস অনুসারে প্রধানত তিন শ্রেণিতে বিভক্ত করেন। যথা- (ক) খনিজ পদার্থ (খ) উদ্ভিজ্জ পদার্থ (গ) প্রাণিজ পদার্থ।
- ◆ ১৭৮৪ খ্রিস্টাব্দে ফরাসী বিজ্ঞানী ল্যাভয়সিয়ে (Lavoisier) প্রমাণ করেন যে, উদ্ভিজ্জ পদার্থে কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেন এবং প্রাণিজ পদার্থে এই তিনটি মৌল ছাড়াও নাইট্রোজেন ও কখনও কখনও ফসফরাস, সালফার প্রভৃতি মৌল থাকে।
- ◆ জৈব যৌগসমূহ উদ্ভিদ ও প্রাণিদেহে উপস্থিত কোন রহস্যময় প্রাণশক্তির প্রভাবে সৃষ্টি হয়ে থাকে। এই মতবাদ বার্জেলিয়াসের প্রাণশক্তি মতবাদ নামে পরিচিত।
- ◆ ১৮২৮ সালে ফ্রেডরিক উহলার (জার্মান রসায়নবিদ) অ্যামোনিয়াম সায়ানেটকে উত্তপ্ত করে ইউরিয়া প্রস্তুত করেন। এটি পরীক্ষাগারে তৈরিকৃত প্রথম জৈব যৌগ। $\text{NH}_4\text{CNO} \longrightarrow \text{NH}_2\text{-CO-NH}_2$



ইউরিয়া (Urea)

- বার্জেলিয়াসকে প্রাণশক্তির মতবাদের প্রতিষ্ঠাতা বলা হয়।
- পৃথিবীতে অজৈব যৌগের সংখ্যা সীমিত এবং প্রায় এক লক্ষের মত।
- জৈব যৌগসমূহ প্রধানত সমযোজী।
- ◆ ১৮৪৫ সালে বিজ্ঞানী এইচ. কোব মৌলিক উপাদান C, H ও O থেকে অ্যাসিটিক এসিড সংশ্লেষণ করেন।
- ◆ ফুলারিন ক্যাটিনেশন ধর্মের একটি উৎকৃষ্ট উদাহরণ যার আকৃতি ফুটবলের মত। এতে কার্বন অণুর সংকেত C_{60} আণবিক ভর 720।
- ◆ ফুলারিনের আকার: ফুটবলের মত; সংকেত: C_{60} (এছাড়াও C_{32} , C_{50} , C_{70} ও বিদ্যমান); আণবিক ভর: 720; সংকরণ: sp^2 ; বন্ধন: sp^2 হলেও একক বন্ধন।
- ◆ ১৯১৬ সালে বিজ্ঞানী লুইস সমযোজী বন্ধনের ইলেকট্রনীয় মতবাদ দেন।
- ◆ জৈব যৌগে অবশ্যই কার্বন থাকবে।
- ◆ প্রতিস্থাপন বিক্রিয়া সাধারণত σ (সিগমা) বন্ধনযুক্ত যৌগের বৈশিষ্ট্যপূর্ণ বিক্রিয়া।
- ◆ সমযোজী σ (সিগমা) বন্ধনের সুসম বিভাজনের ফলে বিজোড় ইলেকট্রন যুক্ত পরমাণু বা মূলককে মুক্ত মূলক বা ফ্রি-রেডিক্যাল বলে।
- ◆ ফ্রি-রেডিক্যালগুলো খুবই সক্রিয় ও ক্ষণস্থায়ী।
- ◆ ঋণাত্মক আয়নকে কার্বনায়ন বলে।
- ◆ স্টেরিও সমাণুর ত্রিমাত্রিক চিত্রকে কনফিগারেশন বলে।
- ◆ নিকেল প্রিজম ক্যালসাইট (CaCO_3) নামক মিশ্র খনিজ পদার্থ থেকে প্রস্তুত করা হয়।
- ◆ d-ল্যাকটিক এসিড ও l-ল্যাকটিক এসিড যথাক্রমে আলোক সক্রিয় যৌগ। কারণ এদের কেন্দ্রীয় কার্বন পরমাণুর কাইরাল কেন্দ্র বা অপ্রতিসম কার্বন।
- ◆ d-ল্যাকটিক ও l-ল্যাকটিক এসিড একসমতলীয় আলোর তলকে যথাক্রমে $+2.24^\circ$ ও -2.24° কোণে আবর্তন করে।
- ◆ কার্বন পরমাণুর ব্যাসার্ধ: 0.077 nm ($1 \text{ nm} = 10^{-9} \text{ m}$)
- ◆ কার্বন পরমাণুর ইলেকট্রন বিন্যাস: $\text{C}(6) \rightarrow 1s^2 2s^2 2p^2$ উত্তেজিত: $\text{C}(6) \rightarrow 1s^2 2s^1 2p_x^1 2p_y^1 2p_z^1$
- ◆ জৈব রসায়নের জনক ফ্রেডরিক উহলার।
- ◆ পিরিডিনের সংকেত: $\text{C}_5\text{H}_5\text{N}$ ।





- ◆ কাইরাল কার্বনে 4 টি ভিন্ন পরমাণু বা গ্রুপ থাকে।
- ◆ যে কোন সমগোত্রীয় শ্রেণির পাশাপাশি দুটি মৌলের মধ্যে মিথিলিন মূলকের ($-\text{CH}_2-$) পার্থক্য থাকে।
- ◆ সোডিয়াম ল্যাম্প থেকে একবর্ণী আলো নির্গত হয়। এর তরঙ্গদৈর্ঘ্য: 5893\AA
- ◆ কোন যৌগের আলোর সক্রিয়তা যে যন্ত্রের সাহায্যে পরিমাপ করা হয় তাকে পোলারিমিটার বলে।
- ◆ সমগোত্রীয় মৌল চেনার উপায় হলো এদের একটি সাধারণ সংকেত ও কার্যকরী মূলক থাকবে। যেমন- অ্যালকেন এর সাধারণ সংকেত $\text{C}_n\text{H}_{2n+2}$ এবং অ্যালকোহলে কার্যকরী মূলক $-\text{OH}$ । এখানে, $n = 1, 2, 3, 4, 5, \dots$

- ◆ সংকরণ, বন্ধন দৈর্ঘ্য, কোণ ও জ্যামিতিক আকৃতি:


| সংকরণ | উৎপন্ন সংকরিত অরবিটাল | চরিত্র (S) | বন্ধন দৈর্ঘ্য (nm) | বন্ধন কোণ | জ্যামিতিক আকৃতি |
|--------|-----------------------|------------|---------------------|---------------|---------------------|
| sp^3 | 4 টি (sp^3) | 25% | C-C: 0.154 | 109.5° | চতুষ্টলকীয় |
| sp^2 | 3 টি (sp^2) | 33.3% | C=C: 0.134 | 120° | সমতলীয় ত্রিকোণাকার |
| sp | 2 টি (sp) | 50% | C \equiv C: 0.120 | 180° | সরল রৈখিক |

Related Questions:

01. অ্যালকেনের সাধারণ ফর্মুলা- [Ans: d] [CU'20-21]
 (a) C_nH_{2n} (b) $\text{C}_n\text{H}_{2n+1}$ (c) $\text{C}_n\text{H}_{2n-1}$ (d) $\text{C}_n\text{H}_{2n+2}$
02. অর্ধ বাতাসের সংস্পর্শে ক্যালসিয়াম কার্বাইড নিম্নের কোন যৌগটি উৎপন্ন করে? [DU'19-20]
 (a) Ethanal (b) Ethane (c) Ethyne (d) Ethene
 সমাধান: (c); $\text{CaC}_2 + 2\text{H}_2\text{O} \rightarrow \text{CH} \equiv \text{CH} + \text{Ca}(\text{OH})_2$
03. নিচের কোন যৌগের C-পরমাণুতে sp^2 সংকরণ ঘটে? [Ans: d][JU'19-20]
 (a) $\text{CH}_3 - \text{CH}_3$ (b) $\text{CH}_3 - \text{C} \equiv \text{CH}$ (c) $\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{OH}$ (d) $\text{CH}_2 = \text{CH}_2$
04. মিথেনের স্ফুটনাংক কত? [Ans: a][JU'19-20]
 (a) 112 K (b) 185 K (c) 231 K (d) 273 K
05. $\text{CH}_3 - \text{CH} = \text{CH}_2$ হাইড্রোকার্বনের বাম দিক থেকে প্রথম ও দ্বিতীয় কার্বনে কি কি ধরনের হাইব্রিডাইজেশন দেখা যাবে? [RU'19-20]
 (a) sp^3, sp (b) sp^3, sp^2 (c) sp^2, sp^2 (d) sp, sp^2
 সমাধান: (b); $\text{CH}_3 - \text{CH} = \text{CH}_2$
 $\begin{array}{c} \uparrow \quad \uparrow \\ sp^3 \quad sp^2 \end{array}$
06. কোনটি একটি অ্যালকাইনের সংকেত? [Ans: d][RU'19-20]
 (a) C_2H_4 (b) C_3H_6 (c) C_3H_8 (d) C_4H_6
07. নিম্নের যৌগটিতে কতটি সিগমা ও পাই বন্ধন বিদ্যমান? [Ans: d][RU'19-20]

$$\begin{array}{ccccccc} & \text{H} & \text{H} & \text{O} & & & \\ & | & | & || & & & \\ \text{H} - & \text{N} = & \text{C} - & \text{C} - & \text{C} \equiv & \text{C} - & \text{H} \\ & & | & & & & \\ & & \text{H} & & & & \end{array}$$

 (a) 8 সিগমা ও 7 পাই (b) 8 সিগমা ও 3 পাই (c) 11 সিগমা ও 3 পাই (d) 11 সিগমা ও 4 পাই
08. যে যৌগে দুটি কাইরাল কার্বন পরমাণু আছে- [RU'19-20]
 (a) 2-হাইড্রক্সি প্রোপানয়িক এসিড (b) 2-মিথাইল প্রোপানল-2 (c) বিউটান-2,3-ডাইওল (d) বিউটানল-2





09. কোনটি জৈব যৌগের বৈশিষ্ট্য নয়? [Ans: a][JU'18-19]
 (a) আয়নিক বন্ধন দ্বারা গঠিত (b) বিক্রিয়ার কৌশল জটিল (c) তড়িৎ বিশ্লেষ্য নয় (d) পানিতে অদ্রবণীয়
10. নিম্নের কোনটি বিদ্যুৎ পরিবহন করে না? [Ans: c][CU'18-19]
 (a) কপার (b) সমুদ্রের পানি (c) বেনজিন (d) ম্যাগ্নানিজ
11. জৈব যৌগ সনাক্তকরণের রাসায়নিক পদ্ধতি কোনটি? [RU'17-18]
 (a) লেসাইন পদ্ধতি (b) জারণ পদ্ধতি (c) ডুমাস পদ্ধতি (d) জেলডাল পদ্ধতি
 সমাধান: (a); লেসাইন পরীক্ষায় জৈব যৌগে উপস্থিত N, S, X মৌল সনাক্ত করা হয়।
12. কোনটি জৈব যৌগ নয়? [CU'17-18]
 (a) CS₂ (b) HCHO (c) CaC₂ (d) HCO₂H
 সমাধান: (a); CaC₂ জৈব যৌগ। এটি ইথাইন এর জাতক। কারণ এর গাঠনিক সংকেত $\begin{matrix} C \\ ||| \\ C \end{matrix} \text{Ca}$ । কার্বন-কার্বন দ্বিবন্ধন ও ত্রিবন্ধন জৈব যৌগ ছাড়া পাওয়া সম্ভব নয়। CS₂ অজৈব যৌগ
13. কোন যৌগটিতে একের অধিক ধরনের সংকরিত কার্বন আছে? [DU'16-17]
 (a) Cyclohexane (b) Benzene (c) Toluene (d) n-butane
 সমাধান: (c); $\text{C}_6\text{H}_5\text{CH}_3$, 6 টি কার্বন পরমাণু sp² সংকরিত, অপরটি sp³।
14. কোন যৌগটি হাইড্রোকার্বন নয়? [Ans: b][JU'16-17]
 (a) বেনজিন (b) পিরিডিন (c) সাইক্লোহেক্সেন (d) হেক্সেন
15. সাইক্লোহেক্সানোন (cyclohexanone)- এ কয়টি σ (সিগমা) বন্ধন রয়েছে? [Ans: d][JnU'15-16]
 (a) 10 (b) 5 (c) 7 (d) 17
16. সাইক্লোহেক্সেন অণুর কার্বনসমূহে কোন ধরনের সংকরণ ঘটে? [Ans: b][RU'14-15]
 (a) sp² (b) sp³ (c) sp (d) sp²d
17. কোন যৌগটি এলিফ্যাটিক ও অ্যারোমেটিক উভয় ধর্ম প্রদর্শন করে? [Ans: c][DU'14-15]
 (a) Benzene (b) Cyclohexane (c) Toluene (d) Chlorobenzene
18. ফুলারিন কি? [Ans: b][JU'10-11, CU'14-15]
 (a) সোনার খুব পাতলা পাত (b) কার্বনের একটি রূপভেদ (c) ফসফরাসের একটি আকরিক (d) ফ্লোরিনের একটি যৌগ
19. সর্বপ্রথম পরীক্ষাগারে প্রস্তুতকৃত রাসায়নিক পদার্থ হলো- [Ans: c][JU'11-12,13-14]
 (a) সিক্রেটিন (b) ক্রিয়েটিন (c) ইউরিয়া (d) টলুইন

Question Type-02: কার্যকরী মূলক ও সমগোত্রীয় শ্রেণি, জৈব যৌগের বিক্রিয়ার শ্রেণিবিভাগ

জৈব বিক্রিয়া: জৈব বিক্রিয়াকে চারভাগে ভাগ করা হয়েছে যথা-

- ১। প্রতিস্থাপন বিক্রিয়া: কোন পরমাণু বা মূলক কোন যৌগ হতে অধিক সক্রিয় পরমাণু বা মূলক দ্বারা প্রতিস্থাপিত হওয়াকে প্রতিস্থাপন বিক্রিয়া বলে। যেমন- $\text{CH}_3\text{Cl} + \text{KOH} \longrightarrow \text{CH}_3\text{OH} + \text{KCl}$ -OH দ্বারা হ্যালাইড মূলক প্রতিস্থাপন।
- ২। সংযোজন বা যুত বিক্রিয়া: যুত বিক্রিয়ায় দুটি পদার্থের সরাসরি সংযোগ ঘটে। ফলে একটি পাই বন্ধন ভেঙে দুটি সিগমা বন্ধন গঠন করে। যুত বিক্রিয়া চেনার উপায় হলো দ্বি-ত্রি বন্ধন ভেঙে একক বন্ধনে পরিণত হবে।
 যথা- $\text{CH}_2 = \text{CH}_2 + \text{Br}_2 \rightarrow \begin{matrix} \text{CH}_2 & - & \text{CH}_2 \\ | & & | \\ \text{Br} & & \text{Br} \end{matrix}$
- ৩। অপসারণ বিক্রিয়া: এ বিক্রিয়ায় কোন যৌগ হতে পাশাপাশি দুটি বা চারটি পরমাণু অপসারিত হয়ে অসম্পৃক্ততার সৃষ্টি হয়।
 যেমন- $\text{CH}_3\text{CH}_2\text{OH} \xrightarrow{\text{Cu}, 300^\circ\text{C}} \text{CH}_3\text{CHO} + \text{H}_2$
- ৪। সমাণুকরণ বা পুনর্বিন্যাস বিক্রিয়া: এ বিক্রিয়ায় কোন যৌগের অণুস্থ পরমাণু বা মূলকগুলো পুনর্বিন্যস্ত হয়। যেমন-
 (i) $\text{NH}_4\text{CNO} \rightarrow \text{NH}_2\text{CO}\text{NH}_2$ Urea (ii) $\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{CH}_3 \xrightarrow{\text{AlCl}_3} \text{CH}_3\text{CH}(\text{CH}_3)\text{CH}_3$





সমগোত্রীয় শ্রেণির যৌগসমূহের কতকগুলো বৈশিষ্ট্য রয়েছে। যেমন-

- ১। এদেরকে একটি সাধারণ সংকেত দ্বারা প্রকাশ করা যায়।
- ২। এদের একটি নির্দিষ্ট কার্যকরী মূলক (Functional group) থাকে, যেমন- অ্যালকোহলের $-OH$ মূলক এবং অ্যামিনের $-NH_2$ মূলক ইত্যাদি।
- ৩। আণবিক ভরের ক্রম অনুসারে সাজালে পাশাপাশি যে কোন দু'টি সদস্যের আণবিক সংকেতে শুধুমাত্র $-CH_2$ মূলকের পার্থক্য থাকে।
- ৪। একই শ্রেণীর যৌগসমূহে একই কার্যকরী মূলক থাকায় এদের একই ধরনের রাসায়নিক ধর্ম দেখা যায়। আণবিক ভর বৃদ্ধির সাথে সাথে এদের ভৌত ধর্ম বিশেষ করে স্ফুটনাঙ্ক, গলনাঙ্ক এবং ঘনত্ব বৃদ্ধি পেলে দ্রাব্যতাহ্রাস পায়।
- ৫। এদেরকে একই সাধারণ পদ্ধতির সাহায্যে তৈরি করা যায়- শুধুমাত্র বিশেষ ক্ষেত্রে ভিন্ন পদ্ধতির সাহায্য নিতে হয়।

এক নজরে জৈব যৌগের কার্যকরীমূলক

| সমগোত্রীয় শ্রেণি | কার্যকরী মূলকের নাম | সংকেত |
|----------------------------------|----------------------------|--|
| অ্যালকাইল হ্যালাইড | হ্যালাইড মূলক | $-X$ |
| অ্যালকোহল | হাইড্রোক্সি | $-OH$ |
| প্রাইমারি (1^0) | 1^0 অ্যালকোহলিক মূলক | $-CH_2OH$ |
| সেকেন্ডারি (2^0) | 2^0 অ্যালকোহলিক মূলক | $-CHOH$ |
| টারসিয়ারি (3^0) | 3^0 অ্যালকোহলিক মূলক | $\begin{array}{c} \\ -C - OH \\ \end{array}$ |
| অ্যালডিহাইড | অ্যালডিহাইড মূলক | $-CHO$ |
| কিটোন | কিটোনিক মূলক | $-CO-$ |
| কার্বক্সিলিক এসিড | কার্বক্সিল মূলক | $-COOH$ |
| অ্যালকাইল অ্যামিন | অ্যামিনো মূলক | $-NH_2$ |
| এসিড অ্যামাইড | অ্যামিডো মূলক | $-CO NH_2$ |
| এস্টার | এস্টারমূলক | $-COOR$ |
| এসিড অ্যানহাইড্রাইড | অ্যানহাইড্রাইড মূলক | $-CO-O-CO-$ |
| অ্যালকাইল (সায়ানাইড (নাইট্রাল)) | সায়ানাইড বা নাইট্রাইলমূলক | $-CN$ |
| নাইট্রো যৌগ | নাইট্রো মূলক | $-NO_2$ |
| থায়োল | থায়োল মূলক | $-SH$ |
| ফিনাইলিন | ফিনাইলিন মূলক | $-C_6H_4-$ |
| ন্যাপথাইল | ন্যাপথাইল মূলক | $C_{10}H_7-$ |
| বেনজাইল | বেনজাইল মূলক | $C_6H_5CH_2-$ |
| বেনজাল | বেনজাল মূলক | $C_6H_5CH=$ |
| বেনজো | বেনজোমূলক | $C_6H_5C\equiv$ |
| সালফোনিক এসিড | সালফোনিক এসিড মূলক | $-SO_3 H$ |

Related Questions:

01. অ্যালকাইল হ্যালাইডের E2 অপসারণ বিক্রিয়ায়, অ্যালকোহলিক KOH/NaOH এর ভূমিকা হলো- [Ans: a][DU'20-21]
 (a) ক্ষার (b) দ্রাবক (c) অনুঘটক (d) নিউক্লিওফাইল
02. 2^0 -অ্যালকোহলের কার্যকরী মূলক কোনটি? [Ans: b][JU'19-20]
 (a) $-CO - OH$ (b) $> CH - OH$ (c) $> \overset{|}{C} - OH$ (d) $-CH_2OH$
03. IR বর্ণালীতে কার্যকরী মূলক অঞ্চলের তরঙ্গ সংখ্যা কত? [Ans: c][JU'19-20]
 (a) $(300 - 400)cm^{-1}$ (b) $< 1000 cm^{-1}$ (c) $(1000 - 4000)cm^{-1}$ (d) $< 4000cm^{-1}$





04. একক বন্ধনযুক্ত কার্যকরী মূলকে কোন ধরনের বিক্রিয়া ঘটে? [Ans: a][JU'19-20]
 (a) প্রতিস্থাপন (b) সংযোজন (c) বিয়োজন (d) কোনটিই নয়
05. কোন বন্ধনযুক্ত কার্যকরী মূলকের ক্ষেত্রে অপসারণ বিক্রিয়া ঘটে? [Ans: a][JU'19-20]
 (a) একক বন্ধন (b) দ্বি-বন্ধন (c) ত্রি-বন্ধন (d) a ও b উভয়ই
06. কোনটি হেটারোসাইক্লিক যৌগ? [SUST'19-20]
 (a) ফিউরান (b) সাইক্লোহেক্সেন (c) অ্যানিলিন (d) ন্যাপথালিন (e) নাইট্রোবেনজিন
- সমাধান: (a); বেনজিন বলয়ের গঠনে কার্বন বাদে অন্য পরমাণু যুক্ত হলে তা হেটারোসাইক্লিক যৌগ। (ফিউরান)
07. গ্লিসারিন এর কার্যকরী মূলক হচ্ছে- [Ans: a][CU'17-18]
 (a) -OH (b) -CHO (c) -CO- (d) -COOH
08. নিচের কোন কার্যকরী মূলকের সক্রিয়তা সবচেয়ে বেশি? [Ans: c][JnU'16-17]
 (a) -S-H (b) $\text{C}=\text{O}$ (c) -C≡N (d) $\text{C}=\text{O}$

Question Type-03: জৈব যৌগের নামকরণ

Related Questions:

01. $\text{CH}_3 - \text{CH}_2 - \text{C}(\text{CH}_3)_2 - \text{C} \equiv \text{C} - \text{CH}_3$ যৌগটির IUPAC নাম কোনটি? [Ans: c] [RU'20-21]
 (a) 1,3-ডাইমিথাইল পেন্টাইন (b) 1,3-3-ট্রাইমিথাইল পেন্টিন
 (c) 4,4-ডাইমিথাইল-2-হেক্সাইন (d) 4-ইথাইল-2-হেক্সেন
02. $\text{H}_2\text{C} = \text{C}(\text{CH}_3) - \text{CH}_2\text{OH}$ যৌগটির IUPAC নাম- [CU'20-21]
 (a) 2-মিথাইল-2-প্রোপিন-1-অল (b) অ্যালাইল এলকোহল
 (c) মিথাইল ভিনাইল প্রোপানল (d) 2-মিথাইল-1-প্রোপিন-3-অল
- সমাধান: (a); $\text{H}_2\text{C} = \overset{3}{\text{C}}(\overset{2}{\text{CH}_3}) - \overset{1}{\text{CH}_2}\text{OH}$; 2-মিথাইল-2-প্রোপিন-1-অল
03. $\text{CH}_3 - \text{CH}(\text{C}_2\text{H}_5) - \text{CH}_2 - \text{CHBr} - \text{CHCl} - \text{CH}_3$ যৌগটির IUPAC নাম হলো- [DU'19-20]
 (a) 2-ক্লোরো-3-ব্রোমো-5-ইথাইলহেক্সেন (b) 2-ক্লোরো-3-ব্রোমো-5-মিথাইলহেপটেন
 (c) 3-ব্রোমো-2-ক্লোরো-5-ইথাইলহেক্সেন (d) 3-ব্রোমো-2-ক্লোরো-5-মিথাইলহেপটেন
- সমাধান: (d); $\text{CH}_3 - \overset{5}{\text{CH}}(\overset{6}{\text{CH}_2}) - \overset{4}{\text{CH}_2} - \overset{3}{\text{CH}}(\text{Br}) - \overset{2}{\text{CH}}(\text{Cl}) - \overset{1}{\text{CH}_3}$ (3-ব্রোমো-2-ক্লোরো-5-মিথাইলহেপটেন)
04. 2-মিথাইল-2 বিউটানল অণুতে কতটি কার্বন-কার্বন বন্ধন থাকে? [RU'19-20]
 (a) 2 (b) 3 (c) 4 (d) 5
- সমাধান: (c); $\text{CH}_3 - \text{CH}_2 - \overset{\text{CH}_3}{\underset{\text{OH}}{\text{C}}} - \text{CH}_3$ (2-মিথাইল-2 বিউটানল) এখানে C - C বন্ধন 4 টি।
05. অ্যালাইল অ্যালকোহলের সংকেত কোনটি? [Ans: c][RU'19-20]
 (a) $\text{CH}_3 - \text{CH}_2 - \text{CH}_2 - \text{OH}$ (b) $\text{CH}_3 - \overset{\text{OH}}{\text{CH}} - \text{CH}_3$
 (c) $\text{CH}_2 = \text{CH} - \text{CH}_2\text{OH}$ (d) $\text{CH}_3 - \text{CH} = \text{CH} - \text{OH}$






06. 1-হাইড্রোক্সি-4-মিথাইল-3-পেন্টানোন এর গাঠনিক সংকেত কোনটি? [Ans: b][KU'19-20]

- (a) $\text{CH}_3 - \text{CH}_2 - \text{CO} - \text{CH}(\text{CH}_3) - \text{CH}_2 - \text{OH}$ (b) $\text{CH}_3 - \text{CH}(\text{CH}_3) - \text{CO} - \text{CH}_2 - \text{CH}_2\text{OH}$
 (c) $\text{CH}_3 - \text{C}(\text{CH}_3)_2 - \text{CO} - \text{CH}_2\text{CH}_3$ (d) $(\text{CH}_3)_2 - \text{CHCH}_2 - \text{CO} - \text{H}_2\text{OH}$


07. IUPAC পদ্ধতিতে $\text{CH}_3 - \text{CH}(\text{Cl}) - \text{CH}_2 - \text{CH}(\text{OH})\text{CH}_2 - \text{CHO}$ এর সঠিক নামকরণ হলো- [SUST'19-20]

- (a) 2-hydroxi-4-chlorohexanal (b) 5-choloro-3-hydroxyhexanal
 (c) 2-chloro-4-hydroxyhexanal (d) 2-chloro-5-aldehydo-hexanol-4
 (e) 5-aldehyde-2-chlorohexane-4-ol



08. IUPAC পদ্ধতিতে $\text{CH}_3 - \text{CH}(\text{CH}_3)\text{CH}_2 - \text{C}(\text{CH}_3)\text{OH} - \text{CH}_2 - \text{CH}_3$ এর নাম হচ্ছে- [DU'17-18]

- (a) 2, 4-Dimethylhexanol-4 (b) 3, 5-Dimethylhexanol-3
 (c) 1-Ethyl-1, 3-Dimethylhexanol-1 (d) 1, 3-Dimethyl-1-ethylbutanol-1



09. প্রোপাইল ইথানয়েট এর সংকেত কোনটি? [Ans: a][RU'17-18]


- (a) $\text{CH}_3\text{COOC}_3\text{H}_7$ (b) $\text{C}_3\text{H}_9\text{COOH}_3$ (c) $\text{C}_2\text{H}_5\text{COOC}_3\text{H}_7$ (d) $\text{CH}_3\text{COOC}_2\text{H}_5$

10. $(\text{CH}_3)_3\text{C}-\text{CH}=\text{CH}_2$ এর IUPAC নাম- [Ans: c][JU'16-17]

- (a) 3,3,3-ট্রাইমিথাইল-1-প্রোপিন (b) 1,1,1-ট্রাইমিথাইল-2-প্রোপিন
 (c) 3,3-ডাইমিথাইল বিউট-1-ইন (d) 2,2-ডাইমিথাইল বিউট-1-ইন


11. IUPAC পদ্ধতিতে $(\text{CH}_3)_3\text{CCl}$ এর নাম কি? [Ans: c][CU'16-17]

- (a) 2.2 ডাইমিথাইল-2 ক্লোরোইথেন (b) টারসিয়ারী বিউটাইল ক্লোরাইড
 (c) 2-ক্লোরো-2-মিথাইল প্রোপেন (d) 3-ক্লোরোবিউটেন
 (e) 2,2,2-ট্রাইমিথাইল-2-ক্লোরোমিথেন



12.  যৌগটির IUPAC নাম হলো- [DU'15-16]

- (a) 1,2 - methyl - 4 - butyl benzene (b) methyl butyl benzene
 (c) 1,2,4 - dimethyl butyl benzene (d) 1 - butyl - 3,4 - dimethyl benzene



13. নিচের কোন গাঠনিক সংকেতটি সঠিক নয়? [Ans: b,c,d][JU'14-15]

- (a) $\begin{array}{cc} \text{H} & \text{H} \\ | & | \\ \text{H} - \text{C} & - & \text{C} - \text{H} \\ | & | \\ \text{H} & \text{H} \end{array}$ (b) $\begin{array}{cc} & \text{H} & \text{H} \\ & | & | \\ \text{H} - & \text{C} & - & \text{C} - \text{H} \\ & & | \\ & & \text{H} \end{array}$ (c) $\text{H} - \text{C} = \text{C} = \text{H}$ (d) $\begin{array}{c} \text{H} \\ | \\ \text{H} - \text{C} = \text{C} - \text{H} - \text{H} \\ | \quad | \quad | \\ \text{H} \quad \text{H} \quad \text{H} \end{array}$





14. $\text{CH}_3 - \text{CH} = \text{C} = \text{CH}_2$ এর নাম কী? [Ans: b][JnU'14-15]
 (a) Butane (b) 1, 2-Butadiene (c) Butene (d) Dibutene

15. IUPAC অনুসারে CF_3CHBrCl যৌগের সঠিক নাম কোনটি হবে? [CU'14-15]
 (a) ১,১,১-ট্রাইফ্লোরো-২-ব্রোমো-২-ক্লোরোইথেন
 (b) ১,১,১-ট্রাইফ্লোরো-২-ক্লোরো-২-ব্রোমোইথেন
 (c) ২-ব্রোমো-২-ক্লোরো-১,১,১-ট্রাইফ্লোরোইথেন
 (d) ২-ক্লোরো-২-ব্রোমো-১,১,১-ট্রাইফ্লোরোইথেন

সমাধান: (c); $\text{F} - \overset{\text{F}}{\underset{\text{F}}{\text{C}}^1} - \overset{\text{Br}}{\underset{\text{Cl}}{\text{C}}^2} - \text{H}_2$ - ব্রোমো-২-ক্লোরো-১,১,১-ট্রাইফ্লোরোইথেন

16. IUPAC পদ্ধতিতে $(\text{CH}_3)_3 - \text{C} - \text{CH}_2 - \text{CH} - (\text{CH}_3)_2$ যৌগটির নাম কি? [DU'08-09,13-14]
 (a) 2, 2, 4-Trimethylpentane (b) 2, 4, 4-Trimethylpentane
 (c) Isopentane (d) Neooctane

সমাধান: (a); $\overset{\text{CH}_3}{\text{C}}^1 - \overset{\text{CH}_3}{\underset{\text{CH}_3}{\text{C}}^2} - \overset{\text{CH}_2}{\text{C}}^3 - \overset{\text{CH}}{\text{C}}^4 \begin{matrix} \text{CH}_3 \\ \text{CH}_3 \end{matrix} \quad 2,2,4\text{-trimethylpentane}$

17. $(\text{CH}_3)_4\text{C}$ যৌগটির IUPAC নাম- [CU'13-14]
 (a) Tetramethylcarbon (b) n-pentane (c) iso-pentane (d) 2, 2-dimethylpropane

সমাধান: (d); $\overset{\text{CH}_3}{\text{C}}^1 - \overset{\text{CH}_3}{\underset{\text{CH}_3}{\text{C}}^2} - \overset{\text{CH}_3}{\text{C}}^3$ 2, 2-dimethyl propane

18. IUPAC পদ্ধতিতে $\text{CH}_2 = \text{CHCH}(\text{CH}_3)\text{CH}_2\text{CH}_3$ এর নামকরণ- [JnU'13-14]
 (a) 3-methyl-1-pentene (b) 3-methyl-4-pentene
 (c) 3-ethyl-1-butene (d) 3-ethyl-3-butene



সমাধান: (a); $\overset{\text{CH}_2}{\text{C}}^1 = \overset{\text{CH}}{\text{C}}^2 - \overset{\text{CH}}{\underset{\text{CH}_3}{\text{C}}^3} - \overset{\text{CH}_2}{\text{C}}^4 - \overset{\text{CH}_3}{\text{C}}^5$; 3-methyl-1-pentene.

Written

01. যৌগগুলির গাঠনিক সংকেত লিখ: [JnU'18-19]
 (ক) Pent - 3 - en - 1 - yne (খ) 3 - hydroxy - 2 - methyl butanol,
 (গ) Cyclohexanone (ঘ) Cis - 1, 2 - dimethyl cyclopropane.

সমাধান: (ক) $\text{CH} \equiv \text{C} - \text{CH} = \text{CH} - \text{CH}_3$

(খ) $\text{CH}_3 - \overset{\text{CH}_3}{\underset{|}{\text{CH}}} - \overset{\text{OH}}{\underset{|}{\text{CH}}} - \text{CH}_3$






Question Type-04: জৈব যৌগের সমাণুতা

সমাণুতা: আণবিক সংকেত একই কিন্তু গাঠনিক সংকেত ভিন্ন। সমাণুতা দুই প্রকার।

যথা- (ক) গাঠনিক সমাণুতা (খ) স্টেরিও সমাণুতা।

(ক) গাঠনিক সমাণুতা পাঁচ প্রকার: যথা-

(i) শিকল/চেইন সমাণুতা: কার্বন শিকলের বিভিন্নতার কারণে এ সমাণুতা সৃষ্টি হয়। যেমন,




(ii) কার্যকরী মূলক সমাণুতা: কার্যকরী মূলকের বিভিন্নতার কারণে সৃষ্টি হয়। যেমন- $\text{C}_2\text{H}_6\text{O}$ আণবিক সংকেত বিশিষ্ট সমাণুদ্বয় হলো:



(iii) অবস্থান সমাণুতা: কার্যকরী মূলকের অবস্থানের বিভিন্নতার কারণে সৃষ্টি হয়। যথা-



(iv) টটোমারিজম: এটি একটি বিশেষ ধরনের গতিশীল কার্যকরী মূলক সমাণুতা। এটি স্বতঃস্ফূর্তভাবে ঘটে।



(v) মেটোমারিজম: কার্যকরী মূলকের উভয়পার্শ্বে কার্বন পরমাণুর অসম বিন্যাসের কারণে সৃষ্টি হয়। যেমন-



(খ) স্টেরিও সমাণুতা: ত্রিমাত্রিক বিন্যাস বা কনফিগারেশনের ভিন্ন হওয়ার কারণে এটি ঘটে।

(i) জ্যামিতিক সমাণুতা বা সিস-ট্রান্স সমাণুতা।

চেনার উপায়: (i) কার্বন-কার্বন দ্বি-বন্ধন থাকবে।





(ii) দ্বি-বন্ধনযুক্ত যৌগে কার্বনের উভয়পাশে একই বা ভিন্ন কার্যকরী মূলক থাকবে।

শর্ত : (i) $(ab)C=C(ab)$ যেখানে, $a \neq b$ যেমন- $\text{CH}_3-\text{CH}=\text{CH}-\text{CH}_3$

(ii) $(ab)C=C(bd)$ এখানে, $a \neq b$, $b \neq d$ যেমন- $\text{CH}_3-\text{CH}=\text{CH}-\text{Cl}$

(iii) $(ab)C=C(de)$ এখানে, $a \neq b$, $d \neq e$ যেমন- $\text{CH}_3-\text{HC}=\text{C}(\text{Cl})-\text{Br}$

জ্যামিতিক সমাণুতা:



sis-1,2 বিউটিন ডাইঅয়িক এসিড trans-1,2-বিউটিন ডাই অয়িক এসিড






আলোক সক্রিয় সমাণু হওয়ার শর্তঃ

১. যৌগের অণুতে অপ্রতিসম কার্বন পরমাণু বা কাইরাল কার্বন থাকতে হবে।
২. কাইরাল কার্বনের সাপেক্ষে যৌগের অণু অপ্রতিসম হতে হবে।
৩. অণু ও তার দর্পন প্রতিবিম্ব পরস্পরের উপর সমাপতিত হবে না।


আলোক সক্রিয় সমাণুতা



d-ল্যাকটিক এসিড



দর্পণ



l-ল্যাকটিক এসিড

কিছু আলোক সক্রিয় পদার্থ



| আলোক সক্রিয় পদার্থ | ডান/বাম ঘূর্ণী | ঘূর্ণনের পরিমাণ |
|---------------------|-------------------------------|-------------------------------------|
| থুকোজ | ডান ঘূর্ণী | 52.7° |
| ফুক্টোজ | বাম ঘূর্ণী | -92.4° |
| সুক্রেজ | ডান ঘূর্ণী | $+66.5^\circ$ |
| ল্যাকটিক এসিড (D/L) | (ক) ডান ঘূর্ণী (খ) বাম ঘূর্ণী | (ক) $+2.24^\circ$ (খ) -2.24° |

- ◆ d-ল্যাকটিক এসিডকে মাংশপেশী থেকে পাওয়া যায় এবং l-ল্যাকটিক এসিডকে টক দধি থেকে পাওয়া যায়।
- ◆ 25°C তাপমাত্রায় d ও l-ল্যাকটিক এসিডের আপেক্ষিক আবর্তন ($+2.24^\circ$ I -2.24°) ঘটে।
- ◆ হাইড্রোজেনবিহীন জৈব যৌগ হচ্ছে: CCl_4 , CCl_2F_2 , $\text{Ag} - \text{C} \equiv \text{C} - \text{Ag}$, $\text{Cu} - \text{C} \equiv \text{C} - \text{Cu}$, C_6Cl_6 ইত্যাদি।
- ◆ রেসিমিক মিশ্রণ: ইহাতে কোন আলোক সক্রিয়তা থাকে না। কারণ, $d = +2.24^\circ$, $l = -2.24^\circ$ (সমপরিমাণ)।
সুতরাং ল্যাকটিক এসিডে $(d/l) = +2.24^\circ - 2.24^\circ = 0$
- ◆ রেসিমিক মিশ্রণের উপাদানদ্বয়কে পরস্পর থেকে পৃথক করা যায়।

এনানসিওমার ও ডায়াস্টেরিওমার: এনানসিওমারকে অ্যান্টিমার বা অ্যান্টিপডও বলা হয়। d-ল্যাকটিক এসিড ও l-ল্যাকটিক এসিড উভয়ই এক সমতলীয় আলোর তলকে যথাক্রমে ডানে ও বামে ($+2.24^\circ$) ও (-2.24°) কোণে আবর্তন করে। এ দুটিকে পরস্পরের এনানসিওমার বলে।

অপরদিকে ডায়াস্টেরিওমার এ দুটি অসদৃশ অপ্রতিসম (কাইরাল) কার্বন থাকায় 4 টি আলোক সক্রিয় সমাণুর সৃষ্টি হয়।

কিন্তু, ডায়াস্টেরিওমার (২টি) তল সমাবর্তিত আলোর তলকে এক দিকে ভিন্ন মাত্রার অর্থাৎ উভয়ই (+) অথবা উভয়ই (-) আবর্তন করে। ফলে দুটি ডায়াস্টেরিওমারের সমমোলার মিশ্রণ কোন রেসিমিক মিশ্রণ নয়।




মোট চারটি হবে কারণ কাইরাল কার্বন দুটি।





- ◆ মেসোযৌগ: মেসোযৌগের অণুস্থ অংশদ্বয়কে পরস্পর থেকে পৃথক করা যায় না।
যেমন, টারটারিক এসিড একটি মেসোযৌগ। এটি আলোক নিষ্ক্রিয় হয়।



অ্যালকেনের সমাণু: কার্বন সংখ্যা 4 এর কম হলে সমাণুক হয় না।

| কার্বন সংখ্যা | সংকেত | সমাণুক সংখ্যা |
|---------------|---------------------------------|---------------|
| 4 | C ₄ H ₁₀ | 2 |
| 5 | C ₅ H ₁₂ | 3 |
| 6 | C ₆ H ₁₄ | 5 |
| 7 | C ₇ H ₁₆ | 9 |
| 8 | C ₈ H ₁₈ | 18 |
| 9 | C ₉ H ₂₀ | 35 |
| 10 | C ₁₀ H ₂₂ | 75 |
| 11 | C ₁₁ H ₂₄ | 159 |
| 12 | C ₁₂ H ₂₆ | 355 |

বেনজিন সমাণুতাঃ

- বেনজিন বলয়ে তিনটি প্রতিস্থাপক একই প্রকার 3 টি
 - বেনজিনের বলয়ে দুইটি একই প্রকার মূলক থাকলে 3 টি
 - বেনজিনের বলয়ে তিনটি প্রতিস্থাপক ভিন্ন হলে 10 টি
 - তিনটি প্রতিস্থাপকের দুটি এক হলে সমাণু 6 টি
- [বি.দ্র. 6 বা 10 টি সমাণু বাদে সব সমাণুর সংখ্যা 3 টি]

অ্যালকাইল হ্যালাইডের সমাণুতা

| | | |
|--|--|---|
| C ₄ H ₉ X = 4 টি | C ₄ H ₉ I = 4 টি | C ₄ H ₉ OH = 4 টি |
| C ₄ H ₈ X ₂ = 10 টি | C ₄ H ₉ F ₂ = 10 টি | C ₄ H ₈ (OH) ₂ = 10 টি |

○ মূলক যুক্ত হাইড্রোকার্বনের সমাণুতা

| সংকেত | নাম | সমাণুক সংখ্যা |
|--|----------------------------|---------------|
| C ₂ H ₆ O | ইথানল, ডাইমিথাইল ইথার | 2 |
| C ₃ H ₆ O | প্রোপান্যাল, অ্যাসিটোন | 2 |
| C ₄ H ₆ O | অ্যালডিহাইড, কিটোন | 3 |
| C ₅ H ₁₀ O | অ্যালডিহাইড, কিটোন | 7 |
| C ₂ H ₄ O ₂ | এসিটিক এসিড ও মিথাইল ফরমেট | 2 |






13. কোনটি জ্যামিতিক সমাণুতা প্রদর্শন করে?

[JU'17-18]

- (a) $\text{PhCH} = \text{CH}_2$ (b) $\text{PhCH} = \text{CHCl}$ (c) $\text{PhCH}_2 - \text{CH}_2\text{Ph}$ (d) $\text{Cl}_2\text{CH} - \text{CHBr}_2$



14. কোন যৌগের কাইরাল কেন্দ্র 4 টি হলে কতটি সমাণু সম্ভব?

[JnU'17-18]

- (a) 4 টি (b) 8 টি (c) 32 টি (d) 16 টি

সমাধান: (d); $2^n = 2^4 = 16$ টি

15. নিচের কোন যৌগটির মেসো-ফরম আছে?

[RU'17-18]

- (a) $\text{CH}_3 - \text{CH}_2 - \text{CH}_2 - \text{CH}_3$ (b) $\text{CH}_3 - \text{CH}(\text{OH}) - \text{CHCl} - \text{CH}_3$
(c) $\text{CH}_3\text{CH}(\text{OH}) - \text{CH}(\text{OH}) - \text{CH}_3$ (d) $\text{CH}_3 - \text{CH}_2 - \text{CH}(\text{OH}) - \text{CH}_3$

সমাধান: (c); 2 টি সদৃশ কাইরাল কার্বনবিশিষ্ট জৈব যৌগ।

16. C_5H_8 সংকেতে কতগুলি অ্যালকাইন সম্ভব?

[Ans: c][RU'17-18]

- (a) 5 (b) 4 (c) 3 (d) 2

17. নিচের কোন যৌগটি জ্যামিতিক সমাণুতা প্রদর্শন করে?


[Ans: b][JnU'15-16, KU'17-18]

- (a) 1-বিউটিন (b) 2-বিউটিন (c) ইথিলিন (d) প্রপিলিন

18. মুক্ত শিকল কাঠামোযুক্ত গ্লুকোজ অণুতে কয়টি সেকেন্ডারি অ্যালকোহলীয় গ্রুপ আছে?

[DU'16-17]


- (a) 3 (b) 4 (c) 5 (d) 6



19. কোনটি আলোক সক্রিয় সমাণু দেখায়?

[JU'16-17]

- (a) $\text{CH}_3\text{CH}(\text{NH}_2)\text{-COOH}$ (b) $(\text{CH}_3)_3\text{-COOH}$ (c) $\text{CH}_3\text{-CH} = \text{CH-CH}_3$ (d) $\text{NH}_2\text{CH}_2\text{CH}_2\text{NH}_2$




20. ডাইক্লোরোপ্রোপেন ($\text{C}_3\text{H}_6\text{Cl}_2$) এর কয়টি গাঠনিক সমাণুতা আছে?

[RU'16-17]


- (a) 4 (b) 6 (c) 8 (d) 10

সমাধান: (a); (i) $\text{CH}_3\text{CHClCH}_2\text{Cl}$


1,2-ডাইক্লোরোপ্রোপেন



2,2-ডাইক্লোরোপ্রোপেন



1,1-ডাইক্লোরোপ্রোপেন



1,3-ডাইক্লোরোপ্রোপেন

21. $\text{CH}_3\text{CH} = \text{CHCH}_3$ যৌগটির কয়টি স্টেরিও সমাণু রয়েছে?

[Ans: a][DU'14-15]

- (a) 2 (b) 3 (c) 4 (d) None






22. মেটা নির্দেশক (meta directing) মূলক কোনটি?

- (a) $-\text{OH}$ (b) $-\text{CN}$ (c) $-\text{NHR}$ (d) $-\text{NR}_2$

[Ans: b][JnU'14-15]




সমাধান: (b);  [A ও B এর মাঝে যে কোন সংখ্যক বন্ধন থাকতে পারে]

তড়িৎ ঋণাত্মকতা $A < B$ হলে AB মেটা নির্দেশক। $A > B$ হলে অর্থো-প্যার নির্দেশক।

23. C_5H_{12} এর মোট isomer এর সংখ্যা কত?

- (a) 1 (b) 2 (c) 3 (d) 5

[JnU'14-15]

সমাধান: (c); (i)  (ii)  (iii) 

24. নিম্নের কোন যৌগটি জ্যামিতিক আইসোমার প্রদর্শন করবে?


- (a) CH_2Cl_2 (b) $\text{CH}_2\text{Cl} - \text{CH}_2\text{Cl}$ (c) $\text{CHBr} = \text{CHCl}$ (d) $\text{CH}_2\text{Cl} - \text{CH}_2\text{Br}$

[Ans: c][KU'14-15, RU'14-15]

25. নিচের কোনটি আলোক সক্রিয় যৌগ?

- (a) $\text{CHCH} = \text{CHCH}_3$ (b) $\text{C}_2\text{H}_5\text{CH}(\text{OH})\text{CH}_3$ (c) $\text{C}_5\text{H}_{10}\text{O}$ (d) $\text{CH}_3\text{CH}_2\text{COOH}$


[Ans: b][CU'14-15]

সমাধান: (b); 

26. $\text{C}_4\text{H}_{10}\text{O}$ এর জন্য সর্বোচ্চ কতটি ইথার যৌগের সমাণু পাওয়া যায়?

- (a) 3 (b) 5 (c) 4 (d) 6

[DU'13-14]

সমাধান: (a); $\text{CH}_3 - \text{CH}_2 - \text{CH}_2 - \text{O} - \text{CH}_3$ 
 $\text{CH}_3 - \text{CH}_2 - \text{O} - \text{CH}_2 - \text{CH}_3$

27. নিচের যৌগগুলোর (Compounds) মধ্যে কোনটিতে কাইরাল কেন্দ্র (Chiral center) আছে?

- (a) $\text{CH}_3 - \text{C}(\text{CH}_3)_2 - \text{OH}$ (b) $\text{CH}_3 - \text{CH}_2 - \text{COOH}$
 (c) $\text{CH}_3 - \text{CHCl} - \text{CHO}$ (d) $\text{CH}_3 - \text{CO} - \text{CH}_3$

[JnU'13-14]

সমাধান: (c); কেন্দ্রীয় পরমাণুর সাথে সংযুক্ত চারটি মূলক ভিন্ন।

Question Type-05: ইলেকট্রোফাইল, নিউক্লিওফাইল, $\text{S}_\text{N}1$, $\text{S}_\text{N}2$ বিক্রিয়া, জৈব যৌগের বিভাজন

বন্ধন বিভাজন: বন্ধন বিভাজন দুই প্রকার। যথা-

(ক) সুষম বিভাজন: বন্ধন ভাঙার ফলে শেয়ারকৃত e^- গুলো আবার সমভাবে নিজের কাছে ফিরে আসে। সুষম বিভাজনের ফলে ফ্রি-রেডিক্যাল উৎপন্ন হয়।

ফ্রি-রেডিক্যাল: বিজোড় ইলেকট্রন সংবলিত যে কোন প্রজাতিককে মুক্ত পরমাণুজোট বা ফ্রি-রেডিক্যাল বলে।

বৈশিষ্ট্য: (i) এরা অত্যন্ত ক্ষণস্থায়ী ও সক্রিয়।

(ii) এরা আয়নিক প্রকৃতির নয়।

(iii) স্থায়িত্ব ক্রম: $-\text{CR}_3 > -\text{CR}_2\text{H} > -\text{CRH}_2 > -\text{CH}_3$
 3° অ্যালকাইল 2° 1° মিথাইল





(খ) বিষম বিভাজন: বন্ধন ভাঙার সময় শেয়ারকৃত e^- এর বিষম বন্টন ঘটে অর্থাৎ ইলেকট্রন একটি পরমাণুতে চলে আসে কিন্তু অপর পরমাণু শেয়ারকৃত কোন e^- পায় না।

- বিষম বিভাজনের ফলে কার্বোনিয়াম আয়ন বা কার্বোক্যাটায়ন সৃষ্টি হয়।
- ◆ কার্বোনিয়ামের স্থায়িত্ব ক্রম $^+CR_3 > ^+CHR_2 > ^+CH_2R > ^+CH_3$
- ◆ কার্বানায়ন আয়নসমূহের স্থায়িত্ব ক্রম $^-CH_3 > ^-CH_2R > ^-CHR_2 > ^-CR_3$
- ◆ ইলেকট্রোফাইল: ইলেকট্রন আকর্ষী বিকারক।
- ◆ ধনাত্মক ইলেকট্রোফাইল: $R, R-CH_2^+, H_2O^+, Br^+, H^+, NO_2^+$ ইত্যাদি।
- ◆ প্রশম ইলেকট্রোফাইল: $SO_3, >CO, AlCl_3, BF_3, FeCl_3$ ইত্যাদি।
- ◆ নিউক্লিওফাইল: নিউক্লিয়াস (+) আকর্ষী বিকারক।
- ◆ ঋণাত্মক নিউক্লিওফাইল: $CN^-, Cl^-, I^-, OH^-, Br^-$ ইত্যাদি।
- ◆ প্রশম নিউক্লিওফাইল: $NH_3, H_2O, R-OH, R-Mg-X, NaHSO_3, HCN$

এক আণবিক কেন্দ্রাকর্ষী প্রতিস্থাপন কৌশল বা S_N1 কৌশল:

S_N1 কৌশল অনুসারে প্রতিস্থাপন বিক্রিয়ার ক্রম অ্যালকাইল হ্যালাইডের গঠনের উপর নির্ভর করে।

সক্রিয়তার ক্রম : $3^0RX > 2^0RX > 1^0RX$

দ্বি-আণবিক কেন্দ্রাকর্ষী প্রতিস্থাপন কৌশল বা S_N2 কৌশল : সক্রিয়তার ক্রমঃ $(1^0RX > 2^0RX > 3^0RX)$

Related Questions:

01. নিচের কোন অ্যালকাইল হ্যালাইডটি S_N2 বিক্রিয়ার ক্ষেত্রে সর্বাপেক্ষা সক্রিয় হবে? [GST'20-21]
- (a) $CH_3CH_2CH_2Br$ (b) $CH_3CH(CH_3)Br$
 (c) $CH_3C(CH_3)_2Br$ (d) $CH_3CH_2CH(CH_3)Br$
- সমাধান: (a); 1^0RX সর্বাধিক সক্রিয়।
02. সর্বাধিক স্থিতিশীল কার্বোক্যাটায়ন কোনটি? [SUST'19-20, GST'20-21]
- (a) $CH_3CH_2CH_2\overset{\oplus}{C}H_2$ (b) $(CH_3)_2\overset{\oplus}{C}H$ (c) $CH_3\overset{\oplus}{C}HCH_2CH_3$ (d) $(CH_3)_2\overset{\oplus}{C}CH_2CH_3$
03. কোন যৌগটি কেন্দ্রাকর্ষী সংযোজন বিক্রিয়া দিবে? [DU'18-19]
- (a) C_2H_4 (b) C_2H_5Br (c) CH_3CHO (d) C_2H_6
- সমাধান: (c); $CH_3 - \overset{\ominus}{C}(=O) - H$
04. S_N1 বিক্রিয়ার ক্ষেত্রে সক্রিয়তার সঠিক ক্রম কোনটি? [Ans: b][RU'18-19]
- (a) $R_2CH - X < R_3C - X > RCH_2 - X$ (b) $R_3C - X > R_2CH - X > RCH_2 - X$
 (c) $RCH_2 - X > R_2CH - X > R_3C - X$ (d) $R_2CH - X > RCH_2 - X > R_3C - X$
05. কোনটি ইলেকট্রোফাইল? [DU'17-18]
- (a) PH_3 (b) H_2O (c) BF_3 (d) NH_3
- সমাধান: (c); অষ্টক সংকোচনের মাধ্যমে গঠিত BF_3 এর ইলেকট্রনের প্রতি আসক্তি রয়েছে।





06. কার্বনায়নের সঠিক সক্রিয়তার ক্রম কোনটি? [JU'17-18]
 (a) $^-CH_3 > ^-CHR_2 > ^-CH_2R > ^-CR_3$ (b) $^-CH_3 > ^-CH_2R > ^-CHR_2 > ^-CR_3$
 (c) $^-CR_3 > ^-CH_2R > ^-CHR_2 > ^-CH_3$ (d) $^-CR_3 > ^-CHR_2 > ^-CH_2R > ^-CH_3$
 সমাধান: (d); স্থায়িত্বের ক্রম ও সক্রিয়তার ক্রম পরস্পর বিপরীত।
 কার্বনায়নের স্থায়িত্বের ক্রম $\rightarrow ^-CH_3 > ^-CH_2R > ^-CHR_2 > ^-CR_3$
 \therefore সক্রিয়তার ক্রম $\rightarrow ^-CR_3 > ^-CHR_2 > ^-CH_2R > ^-CH_3$
07. নিচের কোনটি কেন্দ্রাকর্ষী? [Ans: b][JnU'17-18]
 (a) NO_2^+ (b) NH_3 (c) BF_3 (d) H^+
08. $(CH_3)_3CBr$ ও জলীয় $NaOH$ -এর বিক্রিয়ার শ্রেণি— [Ans: a][RU'17-18]
 (a) S_N1 (b) S_N2 (c) E_1 (d) E_2
09. নিম্নের কোনটি সবচেয়ে স্থিতিশীল কার্বো-ক্যাটায়ন? [DU'12-13, DU'15-16]
 (a) CH_3^+ (b) $(CH_3)_2C^+H$ (c) $H_2C^+ - CH_3$ (d) $(CH_3)_3C^+$
 সমাধান: (d); স্থায়িত্বের ক্রম: $3^\circ > 2^\circ > 1^\circ > C^+H_3$
10. S_N2 বিক্রিয়ায় অ্যালকাইল হ্যালাইডসমূহের সক্রিয়তার ক্রম হলো— [DU' JU'11-12, 15-16]
 (a) $CH_3X > RCH_2X > R_2CHX > R_3CX$ (b) $RCH_2X > CH_3X > R_2CHX > R_3CX$
 (c) $CH_3X > RCH_2X > R_3CX > R_2CHX$ (d) $R_3CX > R_2CHX > RCH_2X > CH_3X$
 সমাধান: (a); S_N2 বিক্রিয়ায় সক্রিয়তার ক্রম: $^-CH_3 > 1^\circ > 2^\circ > 3^\circ$
11. CH_3 , CH_3^+ ও CH_3^- এর মধ্যবর্তী কোনটি? [Ans.: c][RU'15-16]
 (a) ইলেক্ট্রন স্বল্প মিথাইল অণু (b) মিথাইল ফ্রি রেডিক্যাল (c) মিথাইল কার্বোনিয়াম আয়ন (d) মিথাইল কার্বানায়ন
12. নিম্নের যৌগগুলোর কোনটি নিওক্লিওফাইল? [Ans: a][DU'14-15]
 (a) H_2O (b) $AlCl_3$ (c) NH_4^+ (d) CH_3^+
13. ব্রোমিন ইথিনের সাথে বিক্রিয়া করে। বিক্রিয়াটির কৌশল কি? [Ans: c][DU'13-14]
 (a) কেন্দ্রাকর্ষী যুত (b) কেন্দ্রাকর্ষী প্রতিস্থাপন (c) ইলেক্ট্রোফিলি যুত (d) ইলেক্ট্রোফিলি প্রতিস্থাপন
14. কার্বনায়নসমূহের মধ্যে কোনটি সর্বাধিক স্থায়ী? [JU'13-14]
 (a) $\bar{C}R_3$ (b) $\bar{C}HR_2$ (c) $\bar{C}H_2R$ (d) $\bar{C}H_3$
 সমাধান: (d); কার্বনায়নের স্থায়িত্বের ক্রম: $\bar{C}R_3 < \bar{C}HR_2 < \bar{C}H_2R < \bar{C}H_3$

Written

01. নিম্নের বিক্রিয়া দু'টি সম্পূর্ণ কর: $CH_3 - CH_2 - CH_2Cl \xrightarrow{KOH(alc)}$ $\xrightarrow{KOH(aq)}$ [RU'19-20]
- সমাধান: $CH_3 - CH_2 - CH_2Cl \xrightarrow{KOH(alc)} CH_3 - CH_2 - CH_2 - O - CH_2 - CH_2 - CH_3 + CH_3 - CH = CH_2$ (90%) (10%)
 $\xrightarrow{KOH(aq)} CH_3 - CH_2 - CH_2 - OH + KCl$










Question Type-06: অ্যারোমেটিসিটি

হাকেল তত্ত্ব: বিজ্ঞানী হাকেল একটি তত্ত্বের মাধ্যমে অ্যারোমেটিসিটি ব্যাখ্যা করেন। হাকেল তত্ত্বের প্রস্তাব অনুসারে-

(i) সকল অ্যারোমেটিক যৌগের অণুতে একটি সমতলীয় চাক্রিক কাঠামো থাকে। যার উপরে ও নিচে সমধারণশীল π আণবিক অরবিটাল থাকে।

(ii) এ π আণবিক অরবিটালে $(4n+2)$ সংখ্যক সমধারণক্ষম π ইলেকট্রন থাকে। এখানে n একটি পূর্ণ সংখ্যা যার মান, 0, 1, 2, 3 ইত্যাদি হতে পারে।

যেমন,



(i) নং $\rightarrow 4n+2=8 \Rightarrow 4n=6 \therefore n=\frac{3}{2}$ যা ভগ্নাংশ (i) নং অ্যারোমেটিক যৌগ নয়। আর $4n+2=8$ কারণ π ইলেকট্রন মোট 8 টি।

(ii) নং $\rightarrow 4n+2=6 \Rightarrow 4n=4 \therefore n=1$ পূর্ণসংখ্যা (ii) নং অ্যারোমেটিক যৌগ।

(iii) $\rightarrow 4n+2=2 \therefore n=0$ সুতরাং (iii) অ্যারোমেটিক যৌগ।

(iv) $\rightarrow 4n+2=6 \therefore n=1$ সুতরাং (iv) অ্যারোমেটিক যৌগ।

(v) $\rightarrow 4n+2=10 \therefore n=2$ সুতরাং (v) অ্যারোমেটিক যৌগ।

Related Questions:

01. বেনজিনে কয়টি সিগমা বন্ধন আছে?


[JU'20-21]

(a) 6

(b) 9

(c) 12

(d) 15



02. প্রায় $350 - 400^\circ\text{C}$ এ উত্তপ্ত অ্যালুমিনা গুঁড়ার দিয়ে অ্যালকোহলের বাষ্পকে চালনা করলে এক অণু পানি অপসারিত হয়ে কি উৎপন্ন হয়?

[Ans: b][KU'16-17]

(a) অ্যালকেন

(b) অ্যালকিন

(c) অ্যালকাইন

(d) বেনজিন

03. হাকেল নিয়ম প্রযোজ্য হয় নিচের কোন যৌগে?

[Ans: b][JU'14-15]

(a) সাইক্লোহেক্সেন

(b) বেনজিন

(c) সাইক্লোপ্রোপেন

(d) হেক্সেন

04. ন্যাপথালিনে π -বন্ধনের সংখ্যা কতটি?


[KU'14-15]

(a) 4

(b) 6

(c) 5

(d) 3



05. ফেনলে কয়টি π ইলেকট্রন আছে?

[Ans: b][JnU'13-14]

(a) 10 টি

(b) 6 টি

(c) 8 টি

(d) 5 টি





অ্যালকেন, অ্যালকিন, অ্যালকাইনের মধ্যে পার্থক্য:

| ব্যবহৃত বিকারক | অ্যালকেন | অ্যালকিন | অ্যালকাইন |
|--|-----------------------|--|--|
| Br ₂ দ্রবণ পরীক্ষা | কোন বিক্রিয়া করে না। | Br ₂ এর লাল দ্রবণ বর্ণহীন হয়। CH ₂ =CH ₂ +Br ₂ → Br-CH ₂ -CH ₂ -Br | Br ₂ এর লাল দ্রবণ বর্ণহীন হয়। CH≡CH+2Br ₂ → Br ₂ -CH-CH-Br ₂ |
| বেয়ারের KMnO ₄ দ্রবণ পরীক্ষা | কোন বিক্রিয়া করে না। | KMnO ₄ দ্রবণের গোলাপী বর্ণ দূর হয়। CH ₂ =CH ₂ + [O]+H ₂ O → CH ₂ -OH CH ₂ -OH | KMnO ₄ দ্রবণের গোলাপী বর্ণ দূর হয়। CH≡CH + 4[O] → COOH COOH |
| অ্যামোনিয়াযুক্ত সিলভার নাইট্রেট AgNO ₃ | কোন বিক্রিয়া করে না। | কোন বিক্রিয়া করে না। | সাদা অধঃক্ষেপ পড়ে। CH≡CH+[Ag(NH ₃) ₂]NO ₃ →Ag-C≡C-Ag + NH ₄ NO ₃ |
| অ্যামোনিয়া যুক্ত কিউপ্রাস ক্লোরাইড দ্রবণ | কোন বিক্রিয়া করে না। | কোন বিক্রিয়া করে না। | লাল অধঃক্ষেপ পড়ে। CH≡CH+[Cu(NH ₃) ₂]Cl →Cu-C≡C-Cu + NH ₄ Cl+NH ₃ |

জৈব যৌগের অসম্পৃক্ততা নির্ণয়ের পরীক্ষা:

(i) ব্রোমিন পরীক্ষা: অ্যালকিন, অ্যালকাইন পার্থক্যের ১নং পার্থক্যের বিক্রিয়া।

(ii) বেয়ার পরীক্ষা: অ্যালকিন, অ্যালকাইন পার্থক্যের ২নং পার্থক্যের বিক্রিয়া।


অ্যালকেন, অ্যালকিন ও অ্যালকাইনের রাসায়নিক বিক্রিয়া:

| অ্যালকেন | অ্যালকিন | অ্যালকাইন |
|---------------------------|-----------------------------|---------------------|
| (i) প্রতিস্থাপন বিক্রিয়া | (i) যুত বা সংযোজন বিক্রিয়া | (i) যুত বিক্রিয়া |
| (ii) তাপীয় বিক্রিয়া | (ii) ওজোনীকরণ | (ii) জারণ বিক্রিয়া |
| (iii) সমাণুকরণ | (iii) জারণ | (iii) পলিমারকরণ |
| (iv) অ্যারোমেটিকরণ | (iv) প্রতিস্থাপন | (iv) ওজোনীকরণ |
| | (v) পলিমারকরণ | |

অ্যালকিন ও অ্যালকাইনের পার্থক্য: উপরের পার্থক্যের ৩নং ও ৪নং বিক্রিয়া।


মারকনিকভ নীতি:

অপ্রতিসম অসম্পৃক্ত জৈব যৌগের সংগে অপ্রতিসম বিকারক অণুর যুত বিক্রিয়ায় অসম্পৃক্ত যৌগের পাই (π) বন্ধনযুক্ত যে কার্বনের সঙ্গে কম সংখ্যক হাইড্রোজেন পরমাণু থাকে তার সঙ্গে বিকারকের ঋণাত্মক অংশ যুক্ত হয়। যেমন-



বিপরীত মারকনিকভ নীতি বা খারাসের পার অক্সাইড প্রভাব


পার অক্সাইডের উপস্থিতিতে উপরের বিপরীত বিক্রিয়া ঘটে। তবে এই বিক্রিয়ায় স্থির বিকারক হলো HBr.






অক্সি-অ্যাসিটিলিন শিখা

ধাতব নলের সরু মুখে অ্যাসিটিলিন গ্যাসকে প্রচুর বায়ু বা অক্সিজেনে প্রজ্জ্বলিত করলে অ্যাসিটিলিনের পূর্ণ দহনের ফলে নীলাভ শিখাসহ জ্বলে উঠে। তখন প্রায় 3500°C তাপমাত্রা উৎপন্ন হয়। এ শিখাকে অক্সি-অ্যাসিটিলিন শিখা বলে।




ওজোনীকরণ বিক্রিয়া: ওজোনীকরণ বিক্রিয়ায় দ্বি-বন্ধন ও ত্রিবন্ধনের অবস্থান নির্ণয় করা যায়।



জৈব যৌগ: অ্যালকিন



উদাহরণ:




জৈব যৌগ: অ্যালকাইন



Related Questions:

01. একটি অ্যালকিনকে ওজোনোলাইসিস করে এক অণু প্রোপানোন ও এক অণু ইথান্যাল পাওয়া গেল। অ্যালকিনটি কী?
 (a) ২-মিথাইলবিউট-১-ইন (b) ২-বিউটিন [SUST'19-20, GST'20-21]
 (c) ৩-মিথাইলবিউট-১-ইন (d) ২-মিথাইলবিউট-২-ইন



02. কোনটি যুত বিক্রিয়া দেয়? [Ans: d] [JU'20-21]
 (a) -COOH (b) -C-NH₂ (c) -C-Cl (d) >C=C<
 03. জৈব যৌগে দ্বিবন্ধনের অবস্থান নির্ণয়ে কোনটি ব্যবহৃত হয়? [Ans: b] [JU'20-21]
 (a) Br₂ + H₂O (b) O₃ (c) K₂Cr₂O₇ + H₂SO₄ (d) KMnO₄ + H₂O
 04. CCl₄ এ দ্রবীভূত ব্রোমিন দ্রবণকে দ্রুত বর্ণহীন করবে কোন যৌগটি? [Ans: d] [RU'20-21]
 (a) বেনজিন (b) সাইক্লোহেক্সেন (c) হেক্সেন (d) 1-হেক্সিন
 05. উর্টজ বিক্রিয়ার মাধ্যমে কোন ধরনের অ্যালকেন উৎপন্ন হয়? [Ans: b] [RU'18-19, JU'18-19]
 (a) নিম্নতর (b) উচ্চতর (c) সমমানের (d) কোনটিই নয়
 06. কোন যৌগটি অকটেনের মান উন্নয়নে ব্যবহার করা হয়? [JU'18-19]
 (a) Na₂SnO₃ (b) SiCl₄ (c) Pb(C₂H₅)₄ (d) Na₂SiO₃

সমাধান: (c); TEL (Tetra Ethyl Lead), TML (Tetra Methyl Lead), Fe(CO)₅ বা টলুইন ব্যবহার করা হয়।









07. অ্যালকিনের সাধারণ সংকেত কোনটি? [Ans: c][JU'18-19]
 (a) C_nH_{2n+2} (b) C_nH_{2n-2} (c) C_nH_{2n} (d) C_nH_{2n+1}
08. $CH_3CH_2CH_2CH_2OH \xrightarrow[A]{Al_2O_3} X$ যোগ + H_2O , এক্ষেত্রে 'X' যোগটি কোনটি? [Ans: a][JU'18-19]
 (a) বিউটিন-1 (b) বিউটিন-2 (c) বিউটাইন-1 (d) বিউটান্যাল
09. কোনটি উর্টজ (Wurtz) বিক্রিয়ায় অংশগ্রহণ করে না? [KU'18-19]
 (a) CH_3I (b) CH_3CH_2Br (c) $(CH_3)_2CHCH_2I$ (d) $(CH_3)_3CBr$
 সমাধান: (d); উর্টজ বিক্রিয়া S_N2 বিক্রিয়ার মাধ্যমে হয় তাই 3° হ্যালাইড হতে অংশ নেয় না।
10. তিনটি কার্বন পরমাণুযুক্ত অ্যালকেনে হাইড্রোজেন পরমাণুর সংখ্যা কত? [Ans: a][RU'17-18]
 (a) 8 টি (b) 6 টি (c) 4 টি (d) 12 টি
11. প্যারাফিন কী? [KU'17-18]
 (a) 40% ফরমালডিহাইড (b) 95% ইথানল (c) সম্পৃক্ত হাইড্রোকার্বন (d) অসম্পৃক্ত হাইড্রোকার্বন
 সমাধান: (c); অ্যালকেনসমূহকে প্যারাফিন বলা হয়।
12. $(CH_3)_3C - CH_2 - CH(CH_3)_2$ অণুতে প্রাইমারি (1°), সেকেন্ডারি (2°), টারশিয়ারি (3°) ও কোয়ার্টারনারি (4°) কার্বন পরমাণুর সংখ্যা যথাক্রমে – [Ans: c][KU'17-18]
 (a) 1, 1, 2 ও 5 (b) 4, 1, 2 ও 2 (c) 5, 1, 1 ও 1 (d) 5, 1, 1 ও 2
13. ইথাইল আয়োডাইড জলীয় KOH এর সাথে বিক্রিয়ায় উৎপন্ন হয়- [DU'16-17]
 (a) Ethyne (b) Ethene (c) Ethanol (d) Ethane
 সমাধান: (c); $C_2H_5I + KOH(aq) \rightarrow C_2H_5OH + KI$
 Ethanol
14. PVC এর উপাদান কোনটি? [DU'16-17]
 (a) $CH \equiv CH$ (b) $CH_2 = CHCl$ (c) $ClCH \equiv CHCl$ (d) $CH_2 = CHCH_2Cl$
 সমাধান: (b); $n CH_2 = CHCl \xrightarrow[\text{প্রভাবক}]{\text{উচ্চ তাপমাত্রা, চাপ}} \left(-CH_2 - \underset{\substack{| \\ Cl}}{CH} - \right)_n$
 PVC
15. $CH_3 - CO - O - CO - CH_3$ এর IUPAC নাম- [Ans: a][JU'16-17]
 (a) ইথানোয়িক অ্যানহাইড্রাইড (b) অ্যাসিটিক অ্যানহাইড্রাইড (c) অ্যাসিটাইল ইথানোয়েট (d) ডাই অ্যাসিটাইল ইথার
16. নিচের অ্যামাইডগুলোর মধ্যে কোনটি হফম্যান ক্ষুদ্রাংশকরণ বিক্রিয়ায় অংশগ্রহণ করে না? [JnU'16-17]
 (a) $CH_3 - CONH_2$ (b) $(CH_3)_2CH - CONH_2$ (c) $CH_3 - CONH - CH_3$ (d) $CH_3 - CH_2 - CONH_2$
 সমাধান: (c); হফম্যান ক্ষুদ্রাংশকরণে শুধুমাত্র 1° অ্যামাইড অংশগ্রহণ করে।
17. পলি ভিনাইল ক্লোরাইড (PVC) কোনটি থেকে তৈরি করা যায়? [JnU'16-17]
 (a) $CH_2 = CH_2$ (b) $CH \equiv CH$ (c) $CH_3 - CH = CH_2$ (d) $CH_3 - CH_3$
 সমাধান: (b); $CH \equiv CH + HCl \rightarrow CH_2 = CHCl \xrightarrow[\text{পলিমারকরণ}]{} \left(-H_2C - \underset{\substack{| \\ Cl}}{CH} - \right)_n$
 PVC
18. ন্যাফথালিনে π ইলেকট্রন সংখ্যা কয়টি? [KU'16-17]
 (a) 2 (b) 6 (c) 10 (d) 14
 সমাধান: (c); $(4n + 2) n = 2 \rightarrow 4 \times 2 + 2 = 10$
19. নিম্নের যৌগগুলোর মধ্যে সবচেয়ে কম স্ফুটনাংক কোনটির? [Ans: a][DU'15-16]
 (a) Methane (b) Ethane (c) Butane (d) Pentane
20. গ্লিসারিন কোন বিকারকের সাথে বিক্রিয়া করে 1,2,3 - ট্রাইক্লোরো প্রোপেন তৈরি করে? [RU'15-16]
 (a) PCl_5 (b) PCl_3 (c) $POCl_3$ (d) Cl_2
 সমাধান: (a); $H_2C(OH) - CH(OH) - CH_2(OH) + 3PCl_5 \rightarrow H_2C(Cl) - CH(Cl) - CH_2(Cl) + 3POCl_3 + 3HCl(g)$





21. ক্লিমেনসেন বিজারণ দ্বারা কার্বনিল যৌগ হতে নিম্নের কোন যৌগ উৎপন্ন করা যায়? [Ans: b][RU'15-16]
 (a) অ্যালকোহল (b) অ্যালকেন (c) ইথার (d) ডেক্রন
22. কোন বিক্রিয়ার সাহায্যে অ্যালকেন প্রস্তুত করা যায় না? [Ans.: d][RU'15-16]
 (a) উর্টজ বিক্রিয়া (b) ক্লিমেনসেন বিজারণ (c) পেট্রোল সংশ্লেষণ (d) লিবারম্যান বিক্রিয়া
23. হাইড্রোজেন ব্রোমাইডের সাথে প্রোপিনের বিক্রিয়ায় প্রধান উৎপাদ হলো- [DU'14-15]
 (a) 1-bromopropane (b) 2-bromopropane (c) 1, 2-dibromopropane (d) 2-bromopropene
 সমাধান: (b); $\text{CH}_3 - \text{CH} = \text{CH}_2 + \text{HBr} \rightarrow \text{CH}_3 - \underset{\text{Br}}{\text{CH}} - \text{CH}_3$
 2-Bromopropane
24. কোন হাইড্রোকার্বন ও HOCl এর বিক্রিয়ায় 2 ক্লোরো -1 - হাইড্রক্সিইথেন উৎপন্ন হয়? [JU'14-15]
 (a) অ্যাসিটিলিন (b) ইথিন (c) ইথেন (d) প্রোপিন
- সমাধান: (b); $\text{H}-\text{C}^+ \equiv \text{C}-\text{H} + \text{HOCl} \rightarrow \text{H}-\underset{\text{H}}{\text{C}}(\text{OH})-\underset{\text{H}}{\text{C}}(\text{Cl})-\text{H}$
25. অ্যালকেন সমগোত্রীয় শ্রেণির যৌগসমূহের বেলায় কোনটি সঠিক? [Ans: d][JU'14-15]
 (a) সকল সদস্য হল গ্যাস (b) অ্যালকেন পানিতে দ্রবণীয়
 (c) অ্যালকিন অপেক্ষা অধিক সক্রিয় (d) কার্বন শিকলে কেবল সিগমা বন্ধন থাকে
26. অ্যালকাইন-1 এর মৃদু অম্ল ধর্মিতা পরীক্ষায় ব্যবহৃত বিকারক কোনটি? [Ans: a][JU'14-15]
 (a) অ্যামোনিয়া মিশ্রিত AgNO_3 দ্রবণ (b) ফেলিং দ্রবণ (c) AgNO_3 দ্রবণ (d) $\text{Ba}(\text{NO}_3)_2$ দ্রবণ
 সমাধান: (a); $\text{R}-\text{C} \equiv \text{CH} + [\text{Ag}(\text{NH}_3)_2]\text{NO}_3 \rightarrow \text{R}-\text{C} \equiv \text{CAg} \downarrow + \text{NH}_4\text{NO}_3$
27. কক্ষ তাপমাত্রায় পানির সাথে ক্যালসিয়াম কার্বাইডের বিক্রিয়ার ফলে নিচের কোন যৌগটি উৎপন্ন হয়? [JnU'14-15]
 (a) ইথিলিন (b) মিথেন (c) অ্যাসিটিলিন (d) ইথেন
 সমাধান: (c); $\text{CaC}_2 + \text{H}_2\text{O} \rightarrow \text{Ca}(\text{OH})_2 + \text{HC} \equiv \text{CH}$ অ্যাসিটিলিন
28. $\text{C}_2\text{H}_5\text{OH} + \text{ঘন } \text{H}_2\text{SO}_4 \xrightarrow{\Delta} \text{C}_2\text{H}_4 + \text{H}_2\text{O}$ বিক্রিয়াকে বলা হয়- [Ans: c][RU'14-15]
 (a) প্রতিস্থাপন বিক্রিয়া (b) যুত বিক্রিয়া (c) অপসারণ বিক্রিয়া (d) পারমাণবিক পুনর্বিন্যাস
29. ইথিলিন গ্যাস অক্সিজেন প্রভাবকের উপস্থিতিতে উচ্চ বায়ু চাপে এবং 200°C তাপমাত্রায় যে বিক্রিয়ায় মোম সদৃশ সাদা কঠিন পদার্থ তৈরি হয় সেই বিক্রিয়ার নাম- [Ans: b][RU'14-15]
 (a) এস্টারিফিকেশন (b) পলিমারাইজেশন (c) ঘনীভবন (d) প্রশমন
30. কোন জ্বালানির কার্যক্ষমতা যদি 25% n হেপ্টেন এবং 75% আইসো-অকটেনের মিশ্রণের মত হয় তাহলে ঐ জ্বালানির অকটেন সংখ্যা হবে- [Ans: c][KU'14-15]
 (a) 25 (b) 100 (c) 75 (d) 175
31. ব্রোমিন ইথিনের সাথে বিক্রিয়া করে। বিক্রিয়াটির কৌশল কি? [Ans: c][DU'13-14]
 (a) কেন্দ্রাকর্ষী যুত (b) কেন্দ্রাকর্ষী প্রতিস্থাপন (c) ইলেক্ট্রোফিলিক যুত (d) ইলেক্ট্রোফিলিক প্রতিস্থাপন
32. নিচের বিক্রিয়ার প্রধান উৎপাদ কি? [Ans: a][DU'13-14]
 $\text{CH} \equiv \text{CH} + \text{H}_2\text{O} \xrightarrow{20\% \text{H}_2\text{SO}_4, 1\% \text{HgSO}_4, 60^\circ\text{C}} ?$
 (a) CH_3CHO (b) CH_3COOH (c) $\text{CH}_3\text{CH}_2\text{OH}$ (d) CH_3COCH_3
33. নিচের কোন যৌগটি O_3 এর সাথে বিক্রিয়া করে? [CU'13-14]
 (a)  (b)  (c)  (d) 
 সমাধান: (c); শুধুমাত্র (c) ই কার্বন কার্বন দ্বিবন্ধনযুক্ত।
34. $\text{CH}_2 = \text{CH}_2$ এর সাথে $\text{Br}_2 / \text{H}_2\text{O}$ যোগ করলে উৎপন্ন হবে- [Ans: b][CU'13-14]
 (a) $\text{BrCH}_2 - \text{CH}_2\text{OH}$ (b) $\text{BrCH}_2 - \text{CH}_2\text{Br}$ (c) HCHO (d) CH_3CHO




35. X নামক একটি গ্যাস পূর্ণ দহনে দুটি গ্যাস Y ও Z উৎপন্ন হয়। Y গ্যাস চূনের পানিকে ঘোলাটে করে, Z গ্যাস সাদা কপার সালফেটকে নীল করে। X নামক গ্যাস কোনটি? [KU'13-14]

(a) C₂H₄(b) CO₂(c) H₂(d) H₂S


সমাধান: (a); C₂H₄ দহনে CO₂ ও H₂O উৎপন্ন হয় CO₂ চূনের পানি ঘোলাটে করে H₂O সাদা কপার সালফেট নীল করে।

Written

01. প্রপিন এর সঙ্গে HBr এবং HBr (Peroxide) এর বিক্রিয়া দুটি লিখ। Markovnikov এবং কোনটি Anti Markovnikov সূত্র অনুসরণ করে উল্লেখ কর। [RU'19-20]




এ বিক্রিয়াটি Markovnikov নীতি অনুসরণ করে।



এ বিক্রিয়াটি Anti Markovnikov নীতি অনুসরণ করে।


Question Type-08: বেনজিন ও এর জাতক, অর্থো ও প্যারা এবং মেটানির্দেশক, বেনজিন বলয় সক্রিয়কারী ও নিষ্ক্রিয়কারী কতিপয় গুরুত্বপূর্ণ যৌগের সংকেত




o-জাইলিন



p-জাইলিন



m-জাইলিন



ন্যাপথালিন



ফিউরান





থাইয়োফিন



পাইরোল



পিরিডিন

অ্যানথ্রাসিন (C₁₄H₁₀)

ডাইফিনাইল কিটোন/বেনজোফেনোন

কয়েকটি যৌগের সমাপ্ত সংখ্যা

| সংকেত | সমাপ্ত সংখ্যা |
|---|---------------|
| C ₄ H ₁₀ | 2 |
| C ₅ H ₁₂ | 3 |
| C ₆ H ₁₄ | 5 |
| C ₅ H ₁₁ Cl | 5 |
| C ₃ H ₆ Cl ₂ | 4 |
| C ₅ H ₁₀ O | 9 |





অর্থো-প্যারা নির্দেশক গ্রুপ:


যে সকল পরমাণু বা পরমাণু গ্রুপ বেনজিন চক্রে উপস্থিত থাকলে নবাগত প্রতিস্থাপক অর্থো ও প্যারা অবস্থানে নির্দেশিত হয় তাদেরকে অর্থো-প্যারা নির্দেশক বলে। এদের বেনজিন বলয় সক্রিয়কারী গ্রুপও বলা হয়।

◆ মেটা নির্দেশক:

যে সকল গোষ্ঠীর উপস্থিতির কারণে বেনজিন চক্রে নবাগত প্রতিস্থাপক মেটা অবস্থানে নির্দেশিত হয় তাদেরকে মেটা নির্দেশক গ্রুপ বলে। এদেরকে বেনজিন বলয় নিষ্ক্রিয়কারী/সক্রিয়তা হ্রাসকারী গ্রুপও বলা হয়। যে সমস্ত প্রতিস্থাপকে একক বন্ধন থাকে তারা সক্রিয়কারী গ্রুপ। এরা অর্থো ও প্যারানির্দেশক। ব্যতিক্রম-নিষ্ক্রিয়কারী গ্রুপ। কিন্তু যারা দ্বি বা ত্রি বন্ধন যুক্ত তারা মেটা নির্দেশক।

| অর্থো-প্যারা নির্দেশক | | মেটা নির্দেশক |
|-------------------------------------|---------------------|---------------------|
| সক্রিয়কারী | সক্রিয়তা হ্রাসকারী | সক্রিয়তা হ্রাসকারী |
| -CH ₃ /R | -F | -NO ₂ |
